

বৈনিক সংবাদ

৩৭/১০/২০০৩

তারিখ ... ..	
পৃষ্ঠা - ৩	কলাম - ৩

এসএসসি

মানোন্নয়ন পরীক্ষার্থীদের  
আবেদন করতে হবে  
২৫শে অক্টোবরের মধ্যে

রফিকুল বাসার ॥ এসএসসি পরীক্ষায় যারা মানোন্নয়ন পরীক্ষা নিতে চায় তাদেরকে আগামী ২৫শে অক্টোবরের মধ্যে নিজ নিজ বিদ্যালয়ে আবেদন করতে হবে। ঢাকা বোর্ড সূত্রে জানা যায়, যারা জিপিও ৫-এর কম পেয়েছে এবং যারা ১ থেকে ৪ বিষয়ে ফেল করেছে তারা ২০০২ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় মানোন্নয়নের জন্য অংশ নিতে পারবে। তবে সে পরীক্ষার্থীদের সব বিষয়ের পরীক্ষায় অংশ নিতে হবে।

যেসব ছাত্রছাত্রী ১৯৯৮ ও ১৯৯৯ সালে রেজিস্ট্রেশন করেছে, কিন্তু ২০০০ ও ২০০১ সালের পরীক্ষায় অংশ নেয়নি বা ফেল করেছে তারা ২০০২ সালের পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ নিতে পারবে। যারা ১৯৯৮ সালে রেজিস্ট্রেশন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশ নিতে পারবে না।

২০০১ সালের এসএসসি পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে যারা ১ থেকে ৪ বিষয় ফেল করেছে তারা ২০০২ সালের পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে অংশ নিতে পারবে। এসব পরীক্ষার্থীর আগের পাস করা বিষয়গুলোর জিপিএ-এর সাথে বিশেষ পরীক্ষায় অংশ নেয়া জিপিএ যোগ হবে।

অর্থাৎ আগের জিপিএগুলোর সাথে ত্রুমান জিপিএ যোগ হবে। তবে এসব পরীক্ষার্থী ইচ্ছা করলে সব বিষয়ে অংশ নিতে পারবে। ২০০১ সালের পরীক্ষায় সব বিশেষ পরীক্ষার্থী (পরবর্তী বছরে কার্যকর) ফেল করেছে তারা ২০০২ সালের পরীক্ষায় আর বিশেষ পরীক্ষার্থী সবে অংশ নিতে পারবে না। তাদের রেজিস্ট্রেশন থাকলে সেই রেজিস্ট্রেশন সব বিষয়ে অংশ নিতে হবে।

যাদের ১৯৯৭ ও ১৯৯৮ সালে রেজিস্ট্রেশন তারা শুধুমাত্র ইংরেজি বিষয়ে ০০ সালের পরীক্ষায় অংশ নিতে হবে।